

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- লয়ে পুরুষ নারী বলে হরি, করলেন মহারাস বিহার।।  
 ২। গঙ্গার্চনার দক্ষিণ ভাগে, মধুমতীর মরা গোঙ্গে রে  
 করলেন লীলা চমৎকার।  
 লয়ে ভক্তগণে, গঙ্গান্নানে, গঙ্গাকে করলেন সাকার।।  
 ৩। মদনমোহন, রামমোহন, কার্তিক, গৌসাইর পদে অতি  
 অর্তি-রে অত্রুর শমভু রামকুমার  
 তারা হনুমান মুরতি হেরে পাথারে খেলায় সাঁতার।।  
 ৪। মারুতি মুরতি হ'য়ে সুরধনী মাথায় লয়েরে যেন সাক্ষাৎ  
 গঙ্গাধর।

- গঙ্গা লয়ে শিরে, নৃত্য করে, বেলে ঘাট হয় আবিষ্কার।।  
 ৫। রুহিদাসের চর্ম কাঠয়, ডাকলে গঙ্গা হলেন উদয় রে  
 আছে শাস্ত্রে তাই প্রচার  
 বলে তারকচন্দ্র ছাড় সন্দ অশ্বিনী হও নিৰ্বিকার।।

### ৪২ নং তাল-একতাল

- আয় না ভাই সবে মিলে যাই, দেখতে গুরুচাঁদে।  
 ভক্তি প্রেমের গুরু, কল্পতরু, হারে যার জন্যে পরাণ কাঁদে।।  
 ১। শ্রীধাম ওড়াকান্দিতে, তথা যায় ছত্রিশ জাতে,  
 প্রসাদ খাচ্ছে একপাতে  
 এবার যার যেমন মন, সে পায় তেমন, বঞ্চিত না হয় প্রসাদে।।  
 ২। যত ভক্ত শুকসারি, তারা যায় সারি সারি, বলে জয় জয় শ্রীহরি  
 হরি নামের মধু, না পেলে শুধু, যায় কিরে সাথে সাথে।।  
 ৩। গৌসাই জগদীশ ঠাকুর, তার মহিমা প্রচুর, তার চরিত্র মধুর।  
 কুবের তিন কড়ির, তোড়ানী খেয়ে গৌসাইনাচতেছে প্রেমানন্দে।।